

## সম্পাদকীয় / Editorial

অন্যায়-অবিচারের বিভিন্ন অভিঘাতে জগত যখন ক্লান্ত অবসন্ন, তখন শ্রীশ্রীমায়ের চরণকমল আশ্রয় করে, পরিপূর্ণ সদ্গুরুচ্ছায়ায়, পরমাত্মার পরমকৃপা পাথেয় করে, শ্রীশ্রীমায়ের অজ্ঞান-অবোধ সন্তানেরা অত্যাশ্চর্যভাবে কাটিয়ে এলাম আরেকটি বছর। বিগত একটি বছরে কত আনন্দঘন মুহূর্ত, কত দিব্য-অনুভূতি, আধ্যাত্মিক ঘটনাপ্রবাহের সাক্ষী হয়ে রইলাম শ্রীশ্রীমায়ের ছত্রচ্ছায়ায় — এটাই আমাদের পরম প্রাপ্তি।

নতুন বাংলা বছর (১৪২০ বঙ্গাব্দ) সমাগত—অনাগত ভবিষ্যতের শুভ প্রত্যাশায় নূতনভাবে উজ্জীবিত হওয়ার দিন। নূতনভাবে আধ্যাত্মিক ভাবধারায় আত্মনিবেদনের শপথ গ্রহণের দিন।

বাংলা নববর্ষ আমাদের আধ্যাত্মিক মননে সর্বদাই এক বিশেষ অনুরণন বহন করে আনে। আগামী বৈশাখী পূর্ণিমা তিথি আমাদের পরমগুরু মহাবতার শ্রীশ্রীবাবাজীমহারাজের পুণ্য আবির্ভাব তিথি। তাঁর শ্রীচরণে শতকোটি বিনম্র প্রণতি জানাই। সেই সঙ্গে স্মরণ করি ঈশ্বরকোটি, ভগবৎসত্ত্বস্বরূপ সেই সকল পরম ব্রহ্মার্ষি মহাত্মাদের যাঁরা এই জড়জগতে সনাতন ধর্মের রক্ষাকল্পে অবতারপুরুষরূপে আবির্ভূত হয়েছেন যুগে যুগে।

আজ এই পুণ্যলগ্নে আমরা ভক্তিবিন্দুচিন্তে স্মরণ করি শ্রীশ্রীবাবাজীমহারাজের আদিস্বরূপ ঋষি সনৎকুমারের, ভগবান কার্তিকেয় রূপে ভগবৎলীলায় প্রবিষ্ট হওয়ার পরমতত্ত্বকে। সেই মহাবল সম্পন্ন, মহাজ্ঞানী, দিব্যতনুধারী কুমাররূপী নারায়ণ শক্তিকে আমরা সততঃ বিনম্র প্রণতি জানাই আর প্রার্থনা করি “হে মহাবল, আপনার অপার করুণা আমাদের হৃদয়কমলস্থিত আসনে সদগুরুরূপে সদা বিরাজিত হয়ে আধ্যাত্মিক চেতনাধারায় আমাদের সততঃ উদ্বুদ্ধ করুক।” জয় শ্রীশ্রীবাবাজীমহারাজের, জয় শ্রীশ্রীলাহিড়ীমহাশয়ের, জয় শ্রীশ্রীনাঙ্গাবাবার, জয় শ্রীশ্রীসচ্চিদানন্দ পরমহংসজীর, জয় শ্রীশ্রীমায়ের।



*As the world continue to remain immersed in a whirlpool of evil and injustice, the ignorant children of Sree Sree Maa have overcome another year in spiritual bliss under the patronage and tutelage of “sadguru”, by the grace and piety of the Parambrahman. It is indeed extraordinary that the turbulence of the external world could hardly destabilize our internal bliss by the sheer grace of Sree Sree Maa. Over the past year, we stand witness to unforgettable moments of spiritual bliss as well as milestone events and episodes in our devotional life.*

*Let us usher in the Bengali New Year (1420 Bangabda) with gaiety and exuberance. It is an occasion to renew our spiritual pledge, to take vows afresh for further lessons in devotion. It is an occasion which reminds us the holy advent day of Shri Shri Babaji Maharaj on the auspicious occasion of Baisakhi Purnima. We offer our humble homage to his lotus feet on this day. At the same time, we offer our obeisance to all the Brahmarshis who, though in a state of constant unison with the Lord Almighty, have taken pity on the hapless humans and have descended on the earth from age to age to play the role of Mahavatara to protect the eternal Dharma from being destroyed by the evil forces of the universe.*

*On this day, let us reminisce in our pious heart the holy advent of Brahmarshi Sanatkumara, the primal personality of Shri Shri Babaji Maharaja, as the mighty Kartikeyan who protected the world from the oppression of the tyrant Tarakasura. Let us fold our hands in humble obeisance and pray to his Lordship to bless us all so that His blessings always manifests as the divine aura of “sadguru” in our humble hearts and provide us the beacon in our devotional journey in the service of the Lord.*

*Jai Shri Shri Babaji Maharaj, Jai Shri Shri Lahiri Mahashay, Jai Shri Nanga Baba, Jai Shri Shri Sachchidananda Paramhansa, Jai Sree Sree Maa !!*